



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ শাখা-৪
www.mhapsd.gov.bd

অ্যাডিশনাল ডিআইজি (পিএম-১)



নং-৪৪.০০.০০০০.০৯৭.২৫.০০১.২০২১- ৩০২

তারিখঃ ২৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ



বিষয়ঃ বিদেশ ভ্রমণ স্থগিতকরণ।

সূত্রঃ অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০১.২০০৯-১৩৯, তারিখ-০৯/১১/২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারের পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর, স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত্ব কোম্পানিসমূহের সকল পর্যায়ে কর্মকর্তাদের সকল প্রকার বিদেশ ভ্রমণ পুনরাদেশ না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে। এছাড়া, স্বায়ত্বশাসিত/ আধা-স্বায়ত্বশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত্ব কোম্পানিসমূহের নিজস্ব অর্থায়নে সকল প্রকার বিদেশ ভ্রমণ বন্ধ থাকবে। তবে নিম্নবর্ণিত উদ্দেশ্যে সীমিত আকারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিদেশ ভ্রমণ করা যাবে :

- বৈদেশিক সরকার/প্রতিষ্ঠান/উন্নয়ন সহযোগী/বিশ্ববিদ্যালয়ের সম্পূর্ণ অর্থায়নে প্রদত্ত স্কলারশীপ/ফেলোশীপ-এর আওতাধীন মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়ন; এবং
- বৈদেশিক সরকার/প্রতিষ্ঠান/উন্নয়ন সহযোগীর আমন্ত্রণে ও অসম্পূর্ণ অর্থায়নে আয়োজিত বিশেষায়িত/পেশাগত প্রশিক্ষণ/সেমিনার-এ অংশগ্রহণ।

২। এমতাবস্থায়, অর্থ বিভাগের উপরোক্ত নির্দেশনা অনুসরণপূর্বক পুলিশ অধিদপ্তর এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহের সকল কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ বন্ধ রেখে পিপিআর অনুযায়ী সরকারি বিধি-নিষেধ অনুসরণ করে মালামালসমূহ শিপমেন্টের জন্য Virtual FAT/PSI এর মাধ্যমে সম্পাদনের নিমিত্ত পরবর্তীতে প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোহাম্মদ মাহবুবুল আলম মজুমদার)
উপসচিব

ফোন : ০২-২২৩৩৫৪৫১৭

email: police4@mhapsd.gov.bd

✓ পুলিশ মহাপরিদর্শক
পুলিশ অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- যুগ্মসচিব (পুলিশ-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

পার্সোনেল ম্যানেজমেন্ট-১ শাখা	
তারিখঃ ২৪/১১/২২	তারিখঃ ২৪/১১/২২
জনাব মোঃ আল জোব্বার	
এএমপিও মোঃ শহীদুল ইসলাম	
জনাব মুহিত রহমান রায়	
জনাব আব্দুল হকিম	
জনাব মোঃ আলী আহাম্মদ	
জনাব মোঃ হুমায়ুন	
	প্রশাসনিক কর্মকর্তা পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।